



রসায়ন বিভাগের নবীনবরণ, বিদায় সংবর্ধনা, কৃতি শিক্ষার্থী ও প্রাক্তন চেয়ারম্যানবৃন্দের সম্মাননা অনুষ্ঠিত

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের উদ্যোগে ১৩তম ব্যাচের (শিক্ষাবর্ষ: ২০১৭-১৮) নবীনবরণ, ৭ম ব্যাচের (শিক্ষাবর্ষ ২০১১-১২) বিদায় সংবর্ধনা, কৃতি শিক্ষার্থী ও প্রাক্তন চেয়ারম্যানবৃন্দের সম্মাননা অনুষ্ঠান আজ (২০ মার্চ-২০১৮, মঙ্গলবার, সকাল ১০.৩০টায়) বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের শুরুতে মহান মুক্তিযুদ্ধে বীর শহীদদের স্মরণে দাঁড়িয়ে সম্মান প্রদর্শন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

রসায়ন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ সৈয়দ আলম-এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. দীপিকা রাণী সরকার। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন নবীনবরণ আয়োজক কমিটি ও ২০১৮-এর আহ্বায়ক রসায়ন বিভাগের অধ্যাপক ড. আবুল কালাম মোঃ লুৎফুর রহমান।

অনুষ্ঠানে নবীন শিক্ষার্থীদের ফুল ও বিদায়ী শিক্ষার্থীদের ক্রেস্ট প্রদান করা হয়। এছাড়াও কৃতি শিক্ষার্থীদের ও প্রাক্তন চেয়ারম্যানদের বিশেষ সম্মাননা স্মারক প্রদান করা হয়। এসময় কৃতি শিক্ষার্থীরা নবীন শিক্ষার্থীদের উদ্দেশ্যে বক্তব্য প্রদান করেন। এসময় বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।